


# ব্যান্সডক

# বার্ষিক প্রতিবেদন ২০১৫ - ২০১৬

## বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক)

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

ওয়েব সাইট: www.bansdoc.gov.bd

## এডিটরিয়াল বোর্ড

বেগম জেসমীন আক্তার, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ব্যান্সডক, ঢাকা।
জনাব মোঃ মনিরুজ্জামান, এসআরও/পিএসও (অ. দা.), ব্যান্সডক, ঢাকা।

## ফটোগ্রাফী

জনাব মোহাম্মদ আসলাম আলী খন্দকার, জেআরও/হিরক (অ. দা.), ব্যান্সডক, ঢাকা।

## গ্রাফিক্স ডিজাইন

জনাব শেখ আবু হাসান, সিও/জেবিও (অ. দা.), ব্যান্সডক, ঢাকা।

## টেকনিক্যাল / প্রসাশনিক সহায়তা

জনাব মোঃ শহিদউল্লাহ, ইউডিএ/তত্ত্বাবধায়ক (অ. দা.), ব্যান্সডক, ঢাকা।
জনাব মোঃ আলী আযম খান, ডিইও/ডিও (অ. দা.), ব্যান্সডক, ঢাকা।

ব্যান্সডক, ঢাকা
অক্টোবর, ২০১৬

## মুখবন্ধ

বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক) বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রসমূহে তথ্য সেবা প্রদানকারী একটি জাতীয় সংস্থা। এ সংস্থার মূল লক্ষ্যই হ'ল বিজ্ঞান ভিত্তিক গবেষণামূলক তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও সম্পাদনা এবং বিজ্ঞানী ও গবেষকদের মাঝে বিতরণ।

সূচনালগ্ন থেকেই ব্যান্সডক তথ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে ইতিবাচক ভূমিকা পালন করে আসছে। প্রতিষ্ঠানটি সীমিত সুযোগ-সুবিধা নিয়ে বিজ্ঞানীদের চাহিদার ভিত্তিতে হালনাগাদ তথ্য সেবা প্রদান করার জন্য সর্বদা সচেষ্ট। প্রতিষ্ঠানের কর্মীবাহিনী দেশের এক প্রান্ত থেকে অন্য প্রান্ত পর্যন্ত বিভিন্ন বিজ্ঞান গবেষণামূলক প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়সমূহে কর্মরত বিজ্ঞানী ও গবেষকদের প্রয়োজনীয় তথ্য আদান প্রদানে আধুনিক পদ্ধতির প্রচার এবং ব্যান্সডকের তথ্য সেবা ও ই-সার্ভিস সম্পর্কিত অবহিতকরণ সভার আয়োজন করছে। তথ্য ব্যবস্থাপনায় ডিজিটাল পদ্ধতির প্রয়োগ এবং দক্ষ পেশাজীবী সৃষ্টি করতে বিগত বছরগুলোর ন্যায় এ বছরেও ই-বুক কর্মশালা ও ইন্টার্ণশীপ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক বই ও জার্ণালে সমৃদ্ধ ব্যান্সডকের বিশেষায়িত গ্রন্থাগারটি বিজ্ঞানী ও গবেষকদের প্রয়োজনীয় তথ্য নিয়মিত সরবরাহ করছে। ব্যান্সডক-এর ডাটাবেজ হতে অনলাইনে সার্চ করে একজন গবেষক দেখে নিতে পারেন তাঁর প্রয়োজনীয় তথ্যের অবস্থান।

বার্ষিক প্রতিবেদনটি প্রণয়ন ও প্রকাশনায় যারা নিরলস শ্রম দিয়েছেন তাদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

১৩/১০/১৬
জেসমীন আক্তার
মহাপরিচালক (অতি: সচিব)
ব্যান্সডক, ঢাকা

অক্টোবর ২০১৬

# সূচিপত্র


| ক্রঃ নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ | পটভূমি | ১ |
| ২ | লক্ষ্য ও উদ্দেশ্য | ১ |
| ৩ | ভিশন ও মিশন | ১ |
| ৪ | সংস্থার প্রধান কার্যাবলী | ১ |
| ৫ | সাংগঠনিক কাঠামো  ও বিদ্যমান জনবল | ১ |
| ৬ | ব্যান্সডকের বিভাগসমূহের ২০১৫-২০১৬ অর্থবছরে সম্পাদিত কার্যাবলী | ১ |
| ৭ | ডকুমেন্ট প্রকিউরমেন্ট ও ডেলিভারী সার্ভিস | ১ |
| ৮ | বিবলিওগ্রাফি/লিটারেচার সার্চ সার্ভিস | ২ |
| ৯ | গ্রন্থাগার সার্ভিস | ২ |
| ১০ | সাইবার সার্ভিস | ৩ |
| ১১ | রিপ্রোগ্রাফিক সার্ভিস | ৩ |
| ১২ | ব্যান্সডক এর অনলাইন ডাটাবেইজ | ৩ |
| ১৩ | সার্ক ডকুমেন্টেশন সেন্টার (এসডিসি) কার্যক্রম | ৪ |
| ১৪ | ইন্টার্ণশীপ কার্যক্রম | ৪ |
| ১৫ | সেবাসমূহ অবহিতকরণ | ৪ |
| ১৬ | ই-বুক কর্মশালা | ৪ |
| ১৭ | একনজরে এপিএ ২০১৫-২০১৬ | ৪ |
| ১৮ | ব্যান্সডক পরিচালনা বোর্ডের সভা | ৪ |
| ১৯ | ইনোভেশন টিমের কার্যক্রম | ৫ |
| ২০ | শুদ্ধাচার ও কৌশলগত কার্যক্রম | ৫ |
| ২১ | মানব সম্পদ উন্নয়ন কার্যক্রম | ৫ |
| ২২ | ওয়েবসাইট | ৫ |
| ২৩ | বাজেট | ৫ |
| ২৪ | উপসংহার | ৫ |

## পটভূমি :

বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক) বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রসমূহে তথ্য সেবা প্রদানকারী একটি জাতীয় সংস্থা। স্বাধীনতার অব্যবাহিত পর আঞ্চলিক এ কার্যালয়টি বাংলাদেশ জাতীয় বিজ্ঞান ও কারিগরি তথ্য সংগ্রহ ও বিতরণ কেন্দ্র (ব্যান্সডক) নামে বিসিএসআইআর-এর অংগ সংগঠনরূপে বিজ্ঞান ভিত্তিক তথ্য সেবা প্রদানের লক্ষ্যে অগ্রযাত্রা শুরু করে। ২০১০ সালে আইন প্রণয়নের মাধ্যমে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন ব্যান্সডক একটি স্বায়ত্বশাসিত সংস্থা হিসেবে প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠালগ্ন থেকেই ব্যান্সডক বিজ্ঞান ভিত্তিক গবেষণামূলক তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও বিতরণে জাতীয় দায়িত্ব পালনসহ তথ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে ইতিবাচক ভূমিকা পালন করে আসছে।

## লক্ষ্য ও উদ্দেশ্য :

দেশের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে বিজ্ঞানী ও প্রযুক্তিবিদ, শিল্পউদ্যোক্তা, পরিকল্পনাবিদ, নীতি-নির্ধারক, ছাত্র-শিক্ষক ও সংশ্লিষ্ট সকল গবেষককে বিজ্ঞান ও প্রযুক্তিগত তথ্যসেবা প্রদান ব্যান্সডক-এর প্রধান লক্ষ্য।

**ভিশন :** বিজ্ঞানী ও গবেষকদের চাহিদানুযায়ী বৈজ্ঞানিক তথ্য দ্রুত সরবরাহ।

**মিশন:** বৈজ্ঞানিক তথ্যসমূহের অনলাইন ডাটাবেজ স্থাপন, ব্যান্সডক কার্যক্রমকে ডিজিটাইজড করা এবং গ্রাহকদের অফলাইন সার্ভিস প্রদান।

## সংস্থার প্রধান কার্যাবলি :

(ক) প্রাকৃতিক বিজ্ঞান, কৃষিবিজ্ঞান, চিকিৎসা, প্রকৌশল, শিল্প, প্রযুক্তি, বৈজ্ঞানিক গবেষণা এবং নিরীক্ষামূলক উন্নয়নের সকল ক্ষেত্রে তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ, সংরক্ষণ, সম্পাদনা ও বিতরণ;

(খ) গবেষণা প্রতিষ্ঠান, একাডেমিক প্রতিষ্ঠান, রাষ্ট্রায়ত্ত শিল্প অথবা অন্য কোন সেক্টরে কর্মরত গবেষকগণকে তাঁদের চাহিদা অনুযায়ী তথ্য সরবরাহ; এবং

(গ) গবেষক, নীতিনির্ধারক, পরিকল্পনাবিদ ও ব্যবস্থাপকদের জন্য তথ্য সংগ্রহ ও প্রাপ্তির ব্যবস্থা করা।

## সাংগঠনিক কাঠামো ও বিদ্যমান জনবল :

ব্যান্সডকের সাংগঠনিক কাঠামোতে অনুমোদিত জনবলের (পদ) সংখ্যা ৫৫টি, বিদ্যামান ২৮টি ও শূন্য পদের সংখ্যা ২৭টি।

## ব্যান্সডকের বিভাগসমূহের ২০১৫-২০১৬ অর্থবছরে সম্পাদিত কার্যাবলি নিম্নরূপ :

### ডকুমেন্ট প্রকিউরমেন্ট ও ডেলিভারী সার্ভিস :

বিজ্ঞানী ও গবেষকদের চাহিদার প্রেক্ষিতে ব্যান্সডকের নিজস্ব সোর্স, জাতীয় ও আন্তর্জাতিক কনসোর্টিয়াম World Health Organization (WHO) -এর HINARI, Food and Agricultural Organization (FAO)–এর AGORA ও Bangladesh INASP-PERII এবং National Library of Australia (NLA) ও NISCAIR, India হতে তথ্য সংগ্রহপূর্বক গবেষকদের মধ্যে বিতরণ করা হয়।



ডকুমেন্টেশন সার্ভিস

২০১৫-১৬ অর্থ বৎসরে-

(১) দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠান থেকে ৬,০৮৭ টি বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক তথ্য সংগ্রহ করা হয়েছে;

(২) দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়, গবেষণা প্রতিষ্ঠানে অধ্যয়নরত, কর্মরত বিজ্ঞানী ও গবেষকসহ মোট ১৭৮ জনকে বিভিন্ন জার্নালের আর্টিকেলের ৪,৭৭৭ পৃষ্ঠা ডকুমেন্ট সরবরাহ করা হয়েছে;

(৩) দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠান থেকে সংগৃহীত ৫,৪৭০ টি থিসিস-এর এ্যাবস্ট্রাক্টসহ টাইটেল পৃষ্ঠা ওয়েব সাইটে এন্ট্রি দিয়ে প্রকাশ করা হয়েছে।

## বিবলিওগ্রাফি/লিটারেচার সার্চ সার্ভিস :

একজন গবেষক তার গবেষণার বিষয়বস্তুর উপর কি-ওয়ার্ড ইনসার্টের মাধ্যমে মূল্যবান এবং গুরুত্বপূর্ণ তথ্য সংগ্রহ করে প্রয়োজনীয় আর্টিক্যালের বিবলিওগ্রাফিক্যাল সোর্স/রেফারেন্স অতি অল্প সময়ে সংগ্রহ করতে পারেন। লিটারেচার সার্চ সার্ভিসটি সম্পাদনের লক্ষ্যে ব্যান্সডকে আমেরিকার থমসন রয়টার্স পাবলিকেশনের বায়োলজিক্যাল এ্যাবস্ট্রাক্ট-এর সিডি সংরক্ষিত আছে যেখানে ৩২টি বিষয়ের গবেষণা তথ্য রয়েছে।



বিবলিওগ্রাফিক সার্ভিস

২০১৫-১৬ অর্থ বৎসরে-

(১) বিজ্ঞানী/গবেষকগণকে ৩৩০ টি বিবলিওগ্রাফিক সার্ভিস প্রদান করা হয়। ৯০০টি এসএন্ডটি এ্যাবস্ট্রাক্টস ব্যান্সডক ওয়েবসাইটের সংশ্লিষ্ট ডাটাবেজে এন্ট্রি দেয়া হয়েছে;

(২) ১০,৮১৮ জন গ্রাহককে ব্যান্সডক ওয়েব সাইটের মাধ্যমে সেবা প্রদান করা হয়েছে;

(৩) কারেন্ট রিসার্চ প্রজেক্ট-এর ৩৫৩ টি ডাটা ব্যান্সডক ওয়েবসাইটের সংশ্লিষ্ট ডাটাবেজে এন্ট্রি দেয়া হয়েছে।

## গ্রন্থাগার সার্ভিস :

একটি বিশেষায়িত বিজ্ঞান গ্রন্থাগার হিসাবে ব্যান্সডক গ্রন্থাগারে প্রায় ২১,০০০ টি শিরোনামের রেফারেন্স বই সংরক্ষিত আছে। এ ছাড়া প্রায় ৪৫০ টি শিরোনামের দেশি-বিদেশি জার্নালের প্রায় ১৯,৩০০ টি বাউন্ড ভলিউম সংরক্ষিত আছে। গ্রন্থাগারটি সাপ্তাহিক ছুটি ও সরকারি ছুটির দিন ব্যতীত অন্য দিন সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত খোলা থাকে। অভিজ্ঞ শিক্ষাবিদ ও বিজ্ঞানীদের সুবিধার্থে বেশ কয়েকটি সুসজ্জিত স্টাডি ক্যারেল রয়েছে। ব্যান্সডক গ্রন্থাগারটি দীর্ঘদিন যাবৎ দেশের বিজ্ঞানী ও গবেষকদের নিকট রেফারেন্স লাইব্রেরি হিসেবে অত্যন্ত জনপ্রিয়।

২০১৫-২০১৬ অর্থ বৎসরে-


(১) ১৪৭৬ জন বিজ্ঞানী, গবেষক, শিক্ষার্থীকে গ্রন্থাগার সেবা;

(২) ১২৩ টি ন্যাশনাল ইউনিয়ন ক্যাটালগ-এর ডাটা ওয়েব সাইটে এন্ট্রি;

(৩) ৪০৫ টি বইয়ের বিবলিওগ্রাফিক্যাল তথ্য ওয়েব সাইটে এন্ট্রি;

(৪) ২৪ টি ই-বুক প্রস্তুত করে ওয়েব সাইটে উন্মুক্তকরণ; ও

(৫) ৬৮ টি টেক্সট/রেফারেন্স বই ক্রয় করা হয়েছে।



গ্রন্থাগারে পাঠক সার্ভিস

## সাইবার সার্ভিস :

ব্যান্সডক গ্রন্থাগারে একটি সাইবার কর্ণার রয়েছে। সাইবার হতে ব্যবহারকারীগণ স্বল্প মূল্যে হাইস্পিড সম্বলিত ইন্টারনেট ব্যবহার ও প্রয়োজনীয় ডকুমেন্টের প্রিন্ট নিতে পারেন।

২০১৫-২০১৬ অর্থ বছরে-
২১৮ জন বিজ্ঞানী, গবেষক, শিক্ষক ও শিক্ষার্থীকে সাইবার সেবা প্রদান করা হয়েছে।



সাইবার সার্ভিস

## রিপ্রোগ্রাফিক সার্ভিস :

গবেষকদের গবেষণা কর্ম, সায়েন্টিফিক ফটোগ্রাফি, ম্যাপ, নক্সা ও ডিজাইন সম্বলিত তথ্যের মাইক্রোফিল্ম ও মাইক্রোফিস-এর মাধ্যমে দীর্ঘ মেয়াদে সংরক্ষণের ব্যবস্থা এ সেবার অন্তর্ভূক্ত। এ ছাড়া গবেষণার বিষয়বস্তুর স্লাইড তৈরীর ব্যবস্থাও এখানে রয়েছে। ২০১৫-১৬ অর্থ বৎসরে-

(১) ৫৫৫ জন বিজ্ঞানী/গবেষকের পারসোনাল প্রোফাইল ডাইরেক্টরী অব সায়েন্টিস্টস এন্ড টেকনোলজিস্ট শিরোনামে ডাটাবেজে এন্ট্রি দেয়া হয়েছে;

(২) তরুণ ও ক্ষুদে বিজ্ঞানীদের ৪২৯ টি ইনোভেশন সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট ডাটাবেজে এন্ট্রি দেয়া হয়েছে;

(৩) ৬৩ টি ইন্ডাস্ট্রিয়াল ইনোভেশন সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট ডাটাবেজে এন্ট্রি দেয়া হয়েছে;

(৪) দৈনিক পত্রিকায় প্রকাশিত বিজ্ঞান বিষয়ের ৯৮৭ টি গুরুত্বপূর্ণ ফিচার সংশ্লিষ্ট ডাটাবেজে এন্ট্রি দেয়ার কাজ সম্পন্ন করা হয়েছে।



রিপ্রোগ্রফিক সার্ভিস

## ব্যান্সডক এর অনলাইন ডাটাবেইজ :

ব্যান্সডকে গবেষণা কাজে সহায়ক তথ্যাবলী সম্বলিত বিভিন্ন ডাটাবেইজ রয়েছে। ব্যান্সডক-এর কর্মকর্তা/কর্মচারী ও বিভিন্ন বিজ্ঞান ও গবেষণাধর্মী প্রতিষ্ঠানের ফোকাল পয়েন্টের মাধ্যমে বিজ্ঞান বিষয়ক তথ্য সংগ্রহ করে ব্যান্সডক-এর ওয়েব সাইটে সংযুক্ত ডাটাবেজে এন্ট্রির মাধ্যমে সকলের জন্য উন্মুক্ত করা হয়ে থাকে। যে কোন গবেষক বিশ্বের যে কোন স্থান থেকে এ সকল তথ্য পড়তে ও ডাউনলোড করতে পারেন। ডাটাবেজগুলো নিম্নরূপ:

1. Directory of Scientists and Technologists of Bangladesh Living Home & Abroad
2. Current Research Projects of Bangladesh
3. National Union Catalogue of S&T Periodicals in Bangladesh
4. Bangladesh S&T Abstracts
5. Book Search
6. Thesis Search
7. BANSDOC e-Books
8. Innovations of Young Scientists & Science Club
9. Scientific & Industrial Innovations
10. S&T Paper Clipping.

## সার্ক ডকুমেন্টেশন সেন্টার (এসডিসি) কার্যক্রম :

ব্যান্সডক সার্ক ডকুমেন্টেশন সেন্টার (এসডিসি)-এর জাতীয় ফোকাল পয়েন্ট হিসেবে কার্যক্রম পরিচালনা করে আসছে। এসডিসি'র মাধ্যমে ব্যান্সডক দক্ষ জনসম্পদ তৈরীর লক্ষ্যে সার্ক কর্তৃক আয়োজিত এবং এসডিসি, ভারত সরকার কর্তৃক পরিচালিত এটাচমেন্ট ট্রেনিং প্রোগ্রাম, শর্টটার্ম ট্রেনিং প্রোগ্রামসহ বিভিন্ন ট্রেনিং ও সেমিনারে বাংলাদেশ হতে প্রশিক্ষণার্থী প্রেরণের মাধ্যমে দক্ষ জনসম্পদ তৈরীতে ভূমিকা পালন করে আসছে। এছাড়াও দেশের অভ্যন্তরে বিভিন্ন শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানে সেমিনার ও ওয়ার্কশপ আয়োজনের মাধ্যমে তথ্য সেবা গবেষকদের দোরগোড়ায় পৌঁছে দেয়ার প্রয়োজনীয় ভূমিকা পালন করছে।

## ইন্টার্নশীপ কার্যক্রম :

২০১৫-২০১৬ অর্থ বছরে ব্যান্সডক কর্তৃক ঢাকা বিশ্ববিদ্যালয় ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে ৪টি ব্যাচের ইন্টার্নশীপ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

## সেবাসমূহ অবহিতকরণ :

ব্যান্সডকের সেবা/কার্যক্রমসমূহকে ব্যাপক প্রচারের জন্য দেশের বিভিন্ন সরকারি বিশ্ববিদ্যালয়, মেডিক্যাল কলেজ এবং বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানে ১৫ টি অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে।



বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব, জনাব সিরাজুল হক খানের সাথে ইন্টার্নশীপ প্রশিক্ষণার্থীবৃন্দ

## ই-বুক কর্মশালা :

তথ্য ব্যবস্থাপনায় ডিজিটাল পদ্ধতি প্রয়োগের অংশ হিসেবে দেশের বিভিন্ন আরএন্ডটি প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়সমূহের গ্রন্থাগারিক ও গ্রন্থাগার সংশ্লিষ্ট কর্মকর্তাদের অংশগ্রহণে নিয়ে ০৬টি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

## একনজরে এপিএ ২০১৫-২০১৬ (বার্ষিক কর্মসম্পাদন চুক্তি):

কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়ন চিত্র:S

| ক্র. নং | কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | লক্ষ্যমাত্রা ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | [২] আর্থ-সামাজিক উন্নয়নে পরিবেশবান্ধব ও টেকসই প্রযুক্তি উদ্ভাবন | [২.৫] বিজ্ঞান বিষয়ক সভা, সেমিনার ও কর্মশালা আয়োজন | [২.৫.১] আয়োজিত সভা, সেমিনার ও কর্মশালা | সংখ্যা | ১৫ | ১৫ (১০০%) |
| | | [২.৮] বিজ্ঞান বিষয়ক তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও বিতরণ | [২.৮.১] সংরক্ষিত তথ্য | সংখ্যা | ১০,০০০ | ১০,৪৮৩ (১০৫%) |
| | | | [২.৮.২] বিতরণকৃত তথ্য | পৃষ্ঠা সংখ্যা | ৭,২০০ | ৭,৭০১ (১০৭%) |
| | | | [২.৮.৩] সেবা গ্রহণকারী | সংখ্যা | ১২,৭০০ | ১৩,১০৪ (১০৩%) |

## ব্যান্সডক পরিচালনা বোর্ডের সভা :

২০১৫-২০১৬ অর্থ বছরে ব্যান্সডক পরিচালনা বোর্ডের ২টি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অধিকাংশই বাস্তবায়িত হয়েছে।

## ইনোভেশন টিমের কার্যক্রম :

ইনোভেশন টিমের মাধ্যমে প্রতিমাসে ২টি করে ই-বুক প্রস্তুত করে ২৪টি ই-বুক ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। এছাড়া ইনোভেশন কার্যক্রমের মাধ্যমে প্রতিসপ্তাহে একবার ওয়েব সাইট হালনাগাদ করা হয়। বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারিক ও গ্রন্থাগার সংশ্লিষ্ঠ কর্মকর্তাদের অংশগ্রহণে প্রতি ২ মাসে ১টি করে মোট ৬টি প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।

## শুদ্ধাচার ও কৌশলগত কার্যক্রম :

ব্যান্সডকের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা ও শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/কর্মশালা ২১/১২/২০১৫ তারিখ অনুষ্ঠিত হয়েছে।

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সাথে বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক)-এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদনের ফলে আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যে বাস্তবায়নের আওতায় ৬০ জন ঘন্টা অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদানের ফলে প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা/কর্মচারীর দক্ষতা পূর্বের তুলনায় বহুলাংশে বৃদ্ধি পেয়েছে। ভবিষ্যতে এ কার্যক্রম অব্যাহত থাকলে ব্যান্সডকের কর্মকান্ডে গতিশীলতা আরও বৃদ্ধি পাবে।

## মানব সম্পদ উন্নয়ন কার্যক্রম :

তথ্য ব্যবস্থাপনায় ডিজিটাল পদ্ধতির প্রয়োগ ও দক্ষ তথ্য ব্যবস্থাপক তৈরীর লক্ষ্যে রাজশাহী ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের ছাত্রছাত্রীদের অংশগ্রহণে ২০১৫-২০১৬ অর্থ বছরে ৪টি ব্যাচে ইন্টার্ণশীপ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

দেশের পাবলিক বিশ্ববিদ্যালয় ও আরএন্ডডি প্রতিষ্ঠানের গ্রন্থাগারিক ও গ্রন্থাগার সংশ্লিষ্ঠ কর্মকর্তাদের অংশগ্রহণে ই-বুক প্রস্তুতকরণ ও সফটওয়্যার ব্যবহার শীর্ষক ৬টি কর্মশালা এবং বিষয়ভিত্তিক প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে, যা দক্ষ মানবসম্পদ উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

**ব্যান্সডক ওয়েব সাইট : www.bansdoc.gov.bd** ভিজিট করে বিশ্বের যেকোন প্রান্ত থেকে ওয়েব বেইজ তথ্যসেবা গ্রহণের অবারিত সুযোগ রয়েছে।

## বাজেট :

২০১৫-২০১৬ অর্থ বছরে ব্যান্সডকের রাজস্ব বাজেটে বরাদ্দের পরিমাণ ছিল ৩৫৩.৫১ লক্ষ টাকা।

## উপসংহার :

বিজ্ঞান ও প্রযুক্তির সকল ধরণের গবেষণাকার্যে বিজ্ঞানী ও গবেষকদের কাঙ্খিত তথ্য দ্রুততম সময়ে দেশ-বিদেশ হতে সংগ্রহ পূর্বক বিতরণের মাধ্যমে ব্যান্সডক জাতীয় গবেষণায় মূল্যবান অবদান রাখছে। তথ্য ব্যবস্থাপনায় ডিজিটাল পদ্ধতি প্রয়োগের মাধ্যমে একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় ব্যান্সডক কর্তৃক অনলাইন ডাটাবেইজ স্থাপন, জাতীয় পর্যায়ে ই-বুক সফট্ওয়্যারের ব্যবহার ও প্রস্তুত শীর্ষক প্রশিক্ষণ এবং দক্ষ পেশাজীবী সৃষ্টির লক্ষ্যে ইন্টার্ণশীপ কার্যক্রম পরিচালনার মধ্য দিয়ে উন্নত বিশ্বের ডিজিটাল তথ্য ব্যবস্থাপনার সাথে সামঞ্জস্য রেখে জাতীয় তথ্য ব্যবস্থাপনাকে সম্মুখে এগিয়ে নিয়ে যাচ্ছে। ব্যান্সডকের সকল কার্যক্রম সম্পূর্ণরূপে অটোমেশন ও ডিজিটাইজেশনের আওতায় আনা হলে সেবার গুণগত মান বহুলাংশে বৃদ্ধি পাবে।

-***-




**ব্যান্সডক**

**বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক)**

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
ই-১৪/ওয়াই, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: ৮১২৭৭৪৪, ৯১১৯৫৯৪, ৫৮১৫৬২৮৫
ফ্যাক্স: ৮৮০২-৯১৪০০৬৬
ই-মেইল:bansdoc@bansdoc.gov.bd, bansdoc@gmail.com
www.bansdoc.gov.bd